# গাজীপুর সিটি কর্পোরেশন

## নগর ভবন

### প্রশাসন শাখা

gcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০-৫৪৪ তারিখঃ ..০১/০২/২১খ্রিঃ

**গাজীপুর সিটি কর্পোরেশনের ৩১.০১.২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদের ২১তম মাসিক সভার কার্যবিবরণী ঃ-**

সভাপতি ঃ জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

সভার স্থান ঃ সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ ঃ ৩১.০১.২০২১খ্রিঃ, রোজ রবিবার।

সভার সময় ঃ বিকাল ০৪.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আমিনুল ইসলাম ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ-

আলোচ্যসূচী -০১ ঃ বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: আমিনুল ইসলাম ভার্চুয়াল সভায় বিগত মাসিক সভার কার্যবিবরণী পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -০২ ঃ চলমান বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২ | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম গাজীপুর সিটি কর্পোরেশনের উন্নয়নমুলক কাজ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে মাননীয় মন্ত্রী গাজীপুর সিটি কর্পোরেশনের চলমান উন্নয়ন মুলক কাজের ভূয়সী প্রশংসা করেন এবং মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>২(১) মাননীয় মেয়র মহোদয় অতিরিক্ত প্রধান প্রকৗশলীকে উন্নয়ন মূলক প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতিরিক্ত প্রধান প্রকৌশলী সভায় জানান যে, বর্তমানে ৪ (চার) টি ডিপিপি এর কাজ চলমান আছে এবং একটি টিএপিপি এর কাজ চলমান আছে। প্রতিটি প্রকল্পের প্রকল্প পরিচালককে সভায় তাদের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করার জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী অনুরোধ জানান। | ২(১) "গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৭০০.৬০) এর সংলগ্নী "ক" তে উপস্থাপিত উপ-প্রকল্পগুলির সংশোধন/ Re-cast প্রাক্কলন সর্ব সম্মত অনুমোদন দেয়া হলো। |

| | | |
|---|---|---|
| | **"গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৭০০.৬০ কোটি)** ।<br>প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় (১ম সংশোধনী) -৭০০.৬০ কোটি টাকা প্রকল্পটির বাস্তবায়ন কাল ছিল ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১। মোট প্যাকেজ সংখ্যা ছিল ৫৭ টি। প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় ১৮.১০.২০১৮ তারিখে। ১ম অর্থ বৎসর আরম্ভ হওয়ার প্রায় ৪ মাস পর ডিপিপি অনুমোদন পাওয়া গিয়েছে। অন্যদিকে কোভিড-১৯ এর কারণেও কাজের গতি কিছুটা মন্থর ছিল। বর্তমানে প্যাকেজের সংশিষ্ট ঠিকাদারদের কাজের গতি বৃদ্ধি করেছে। সাইট সংক্রান্ত জটিলতা না থাকলে হয়ত বর্তমান অর্থ বৎসরে প্রকল্পটি সমাপ্ত করা সম্ভব হতো। অন্যদিকে প্রকল্প পরিচালক সভায় জানান যে, কিছু উপ-প্রকল্পের এলাইনম্যান্ট সংক্রান্ত জটিলতার কারনে মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশ অনুযায়ী সাইট পরিবর্তন অথবা ডিজাইন এর পরিবর্তন অর্থাৎ ড্রেন এর আউটফল সঠিক ভাবে নির্ধারণ অথবা রাস্তার সঠিক সংযোগ স্থাপনের কারণে উপ-প্রকল্পের কিছুটা পরিবর্তন হয়েছে যা ডিপিপিতে সংশোধিত আকারে সন্নিবেশিত করতে হবে এবং স্টেয়ারিং কমিটি থেকে অনুমোদন নিতে হবে। অন্যদিকে উপ-প্রকল্পের বিভিন্ন আইটেম থেকে কিছু অর্থ সাশ্রয়ের কারণে নতুন কিছু উপ-প্রকল্প ডিপিপিতে সংযোজন করার অনুমোদন করানো প্রয়োজন।<br><br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর প্রকল্প পরিচালকের বর্ণনার আলোকে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেয়ার জন্য উপস্থিত কাউন্সিলরগণ একমত পোষন করেন। | |
| | **২(২) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-১৫১০)**।<br>প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির প্রাক্কলন মূল্য ১৫১০ কোটি টাকা। প্যাকেজ সংখ্যা ৬১টি। ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে। প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় ২৮.০১.২০১৯ তারিখে। ১ম অর্থ বছরে প্রায় সাত মাস পর প্রকল্পটির অনুমোদন পাওয়া যায়। অন্য দিকে কোভিড-১৯ এর কারণে প্রকল্পের কাজ প্রায় ৪/৫ মাস মন্থর গতিতে চলমান ছিল বর্তমানে উপ-প্রকল্পের সংশ্লিষ্ট ঠিকাদার কাজের গতি বৃদ্ধি করেছে।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান যে, কিছু উপ-প্রকল্পের এলাইনম্যান্ট সংক্রান্ত জটিলতার কারনে মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশ অনুযায়ী সাইট পরিবর্তন অথবা ডিজাইন এর পরিবর্তন অর্থাৎ ড্রেন এর আউটফল সঠিক ভাবে নির্ধারণ অথবা রাস্তার সঠিক সংযোগ স্থাপনের কারণে উপ-প্রকল্পের কিছুটা পরিবর্তন হয়েছে যা ডিপিপিতে সংশোধিত আকারে সন্নিবেশিত করতে হবে এবং স্টেয়ারিং কমিটিতে থেকে অনুমোদন নিতে হবে। অন্যদিকে উপ-প্রকল্পের বিভিন্ন আইটেম থেকে কিছু অর্থ সাশ্রয়ের কারণে নতুন কিছু উপ-প্রকল্প ডিপিপিতে সংযোজন করার অনুমোদন করানো প্রয়োজন। | ২(২) "গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৭০০.৬০) এর সংলগ্নী "খ" তে উপস্থাপিত উপ-প্রকল্পগুলি নতুনভাবে ডিপিপিতে সংযোজন করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো। |

২(৩) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির (ডিপিপি-৩৮২৮)।

প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৮২৮ কোটি টাকা। মোট প্যাকেজ সংখ্যা ১৮টি। বাস্তবায়ন কাল-২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২। প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় ১৯.০৮.২০১৯ তারিখে। প্রকল্পটিতে প্রায় ১৭০০ কোটি টাকার জমি অধিগ্রহনের কাজ ১৮টি প্যাকেজের মধ্যে ১৭ টি প্যাকেজের দুইদিকে (১৯+১৯) মোট ৩৮ কি. মি. অধিগ্রহনের জন্য ডিপিপিতে নির্ধারিত আছে। মোট প্রায় ৮১ কিলোমিটার রাস্তার দুই পার্শ্বে অধিগ্রহন করার জন্য অনুমোদিত আছে। মেয়র মহোদয় সভায় জানান যে, জমি অধিগ্রহনের জন্য ০৪টি প্যাকেজের প্রায় ৬৫ একর জমি অধিগ্রহনের জন্য জেলা প্রশাসকের অফিসে দীর্ঘদিন পূর্বেই প্রেরণ করা হয়েছিল কিন্তু এখন পর্যন্ত অধিগ্রহনের জন্য ৭ ধারা জারি করা হয়নি। অর্থ মন্ত্রণারয় ৭ ধারা না হওয়া পর্যন্ত অর্থ ছাড় করছে না। ইতিমধ্যেই ৪টি প্যাকেজের টেন্ডার কার্য্যক্রম সম্পন্ন করে ঠিকাদারের সাথে চুক্তি করা হয়েছে। দীর্ঘ প্রায় ১ বছর যাবৎ ঠিকাদারদেরকে সাইট প্রদান করা যাচ্ছে না। জেলা প্রশাসক অফিসে আরো ১২টি প্যাকেজের জমি অধিগ্রহনের জন্য কিছুদিনের মধ্যেই প্রেরণ করা হবে। তিনি আরো যানান যে, অধিগ্রহন প্রক্রিয়া একটি জটিল প্রক্রিয়া এবং অনেক বেশী সময়ের প্রয়োজন বিধায় সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ধারা ৮০ এর আলোকে সল্প সময়ে জমি ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সরাসরি ক্রয়ের প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছিল কিন্তু স্থানীয় সরকার থেকে অনুমোদন পাওয়া যায়নি। ইতিমধ্যে প্রকল্পের মেয়াদ প্রায় ১ বছর ৬ মাস অতিবাহিত হয়েছে। এখন পর্যন্ত জমি অধিগ্রহন করা সম্ভব হয়নি।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং জেলা প্রশাসক মহোদয়কে সহযোগীতা করার বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তাকে যোগাযোগ করার বিষয়ে সকল কাউন্সিলর মতামত পোষণ করেন।

মেয়র মহোদয় সভায় আরো জানান যে, মোট ৯ টি রাস্তার অর্থাৎ ১৭টি প্যাকেজের রাস্তাগুলির বর্তমান প্রশস্থতা ২২-৩০ ফুট নির্ধারণ করে ৭০'-০" প্রশস্থ করার জন্য বাকী ৪০'-০" অধিগ্রহন করা যেতে পারে। এ বিষয়ে সকলেই একমত পোষন করেন।

| ক্রঃন ং | রাস্তার নাম | রাস্তার বর্তমান প্রশস্ততা | রাস্তার প্রস্তাবিত প্রশস্ততা | অধিগ্রহণের জন্য রাস্তার প্রস্তাবিত প্রশস্ততা |
|---|---|---|---|---|
| ১. | নরসিংহপুর-কাশিমপুর-কোনাবাড়ী-সাকাশ্বর-মির্জাপুর রাস্তা | ৩০'-০" | ৭০'-০" | ৪০'-০" |
| ২. | কাশিমপুর বিআইডিসি মোড় থেকে শ্রীপুর রাস্তা | ৩০'-০" | ৭০'-০" | ৪০'-০" |
| ৩. | কাশিমপুর জিতার মোড় থেকে জিরানী পর্যন্ত রাস্তা | ৩০'-০" | ৭০'-০" | ৪০'-০" |
| ৪. | ঢাকা-ময়মনসিংহ রাস্তার সালনা থেকে দেশীপাড়া-মারিয়ালী হয়ে বিআইডিসি রাস্তা পর্যন্ত রাস্তা | ৩০'-০" | ৭০'-০" | ৪০'-০" |
| ৫. | মহিলা কলেজ থেকে দক্ষিণ ছায়াবীথি-বাঙ্গালগাছা-নীলেরপাড়া-ইছালী হয়ে পূবাইল রেলগেট পর্যন্ত | ২৪'-০" | ৬০'-০" | ৩৬'-০" |
| ৬. | জয়দেবপুর রানী বিলাসমনি থেকে রথখোলা- হাসপাতাল - ভোড়া- ভাড়ারুল চৌরাস্তা কলের বাজার-ঢাকা বাইপাস হয়ে ঢাকা-কালীগঞ্জ সংযোগ রাস্তা | ২২'-০" | ৬০'-০" | ৩৮'-০" |
| ৭. | কানাইয়া-নীলেরপাড়া-পিয়ারাবাগান-ধীরাশ্রম রাস্তা যুগিতলা হয়ে ঢাকা বাইপাস রাস্তা | ১৮'/২২'-০" | ৭০'-০" | ৫২/৪৮'-০" |
| ৮. | কোনাবাড়ী আনজুম পাম্প হতে হাতিমারা স্কুল এবং করিম সুপার মার্কেট হতে লোহাকৈর মাজার হয়ে আরকে রেডিয়াল ফ্যাক্টরী পর্যন্ত রাস্তা | ৩০'-০" | ৭০'-০" | ৪০'-০' |
| ৯. | রাজাবাড়ী রুবেল ফিলিং স্টেশন হতে বাঘিয়া হাই স্কুল হয়ে আহাকি রেল লাইন পর্যন্ত রাস্তা | ৩০'-০" | ৭০'-০" | ৪০'-০" |

২(৩) "গাজীপুর সিটি কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়ন (রাস্তা ও ড্রেন)" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৭০০.৬০) এর প্রকল্পের ব্যয় বৃদ্ধি না করে আগামী ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এবং Revised/Re-cast ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

২(৪) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-১৫১০) এর সংলগ্নী "গ" তে উপস্থাপিত উপ-প্রকল্পগুলি Revised/Re-cast প্রাক্কলন সর্ব সম্মত অনুমোদন দেয়া হলো।

২(৫) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-১৫১০) এর সংলগ্নী "ঘ" তে উপস্থাপিত উপ-প্রকল্পগুলি নতুনভাবে ডিপিপিতে সংযোজন করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হলো।

২(৬) "গাজীপুর সিটি কর্পোরেশনের ১-৫ নং জোনের রাস্তা, ড্রেন এবং ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির (ডিপিপি-১৫১০) প্রায় ৩৯ কোটি টাকা ব্যয় বৃদ্ধি সহ আগামী জুন, ২০২২ পর্যন্ত সময় বৃদ্ধির প্রস্তাব সহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণের নিমিত্তে সিদ্ধান্ত গৃহিত হলো।

২(৭) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের সংযোগ সড়ক প্রশস্তকরণসহ ড্রেন ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্প (ডিপিপি-৩৮২৮) এর বিদ্যমান রাস্তায় সংলগ্নী 'ঙ' এর প্রস্থ্য ধরার অনুমোদন দেয়া হলো। সংলগ্নিতে বর্ণিত বাকী জমি অধিগ্রহনের অনুমোদন দেয়া হলো।

২(৮) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির (ডিপিপি-৩৮২৮) এর ৪টি প্যাকেজের ঠিকাদারদেরকে আবেদনের প্রেক্ষিতে সময় বৃদ্ধিসহ অধিগ্রহনের কারনে এলাইনমেন্টের কোন পরিবর্তন হলে সে বিষয়টি বিবেচনায় রেখে কনসালটেন্ট এর মাধ্যমে ডিজাইন রিভিউ করে Revised/Re-cast প্রাক্কলন প্রস্তুত করার অনুমোদন দেয়া হলো।

২(৯) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির (ডিপিপি-৩৮২৮) রাস্তার জমি অধিগ্রহনের বিষয়ে জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করে জমি অধিগ্রহনের গতি আরো বাড়ানোর জন্য মাননীয় মেয়র মহোদয় এবং প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।

২(১০) "গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্ত করণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ" শীর্ষক প্রকল্পটির (ডিপিপি-৩৮২৮) ২০২০-২০২১ অর্থ বছরের জন্য নির্ধারিত উপ-প্রকল্পগুলো টেন্ডার উক্ত উপ-প্রকল্পগুলো জমি অধিগ্রহন প্রক্রিয়া সম্পন্ন করার পর টেন্ডার আহবানের সিদ্ধান্ত গৃহিত হয়।

| | | |
|---|---|---|
| | **২(৪) "গাজীপুর সিটি কর্পোরেশনে Asphalt Plant স্থাপন" শীর্ষক প্রকল্প।**<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান যে, ইতিমধ্যেই Asphalt Plant সরবরাহকারী সরবরাহ করেছেন। ৬টি Equuipment বাদে বাকী ২৪টি Equuipment সংশ্লিষ্ট সরবরাহকারী সরবরাহ করেছেন।<br>২টি Equuipment ক্রয়ের জন্য টেন্ডার প্রক্রিয়া চলমান আছে। আশা করা যায় আগামী জুন/২০২১ এর মধ্যে সকল Equuipment গুলি ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হবে। অন্যদিকে Asphalt Plant স্থাপন কাজটি কিছু দিনের মধ্যেই আরম্ভ হবে এবং আশা করা যায় আগামী ২ মাসের মধ্যেই স্থাপন প্রক্রিয়া শেষ হবে। এ বিষয়ে মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, পূর্ব নির্ধারিত Asphalt Plant এর জন্য নির্ধারিত জমিটি জেলা পরিষদ দাবী করায় নির্ধারিত সময়ে Asphalt Plant স্থাপন করা যায়নি। বর্তমানে একটি জমি ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং Asphalt Plant স্থাপন করার জন্য নির্দেশনা দেয়া হয়েছে।<br>প্রকল্পটি সময় ডিসেম্বর/২০২০ নির্ধারিত ছিল বর্তমানে আরো এক বৎসর সময় বৃদ্ধি চেয়ে স্থানীয় সরকার বিভাগে প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। | ২(১১) "গাজীপুর সিটি কর্পোরেশনে As Plant স্থাপন" শীর্ষক প্রকল্পটির বাকী কাজ আগামী ১ বৎসরের মধ্যে সম্পন্ন করার জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২(১২) টেন্ডারের জন্য নির্ধারিত ২টি Equuipment সকলের অংশগ্রহনের নিমিত্তে শর্ত শিথিল করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |
| | **২(৫) প্রিপারেশন অব আরবান ডেভেলপমেন্ট প্ল্যান ফর গাজীপুর সিটি কর্পোরেশন।**<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান যে, ইতিধ্যেই প্রকল্পের মেযাদ ৬ মাস অতিবাহিত হয়েছে। TAPP এর আলোকে প্রকল্প সমাপ্তির তারিখ আগষ্ট/২০২১। বর্তমানে প্রকল্পে অগ্রগতি ২০% যার সময়ের সাথে সংগতিপূর্ন নয়। DUET এর সংশ্লিষ্ট শাখাকে অগ্রগতি বাড়ানোর জন্য অনুরোধ করা যেতে পারে।<br><br>মেয়র মহোদয় সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের এরিয়া ৩২৯.৫৩ বর্গ কি. মি.। প্রতিটি বর্গ কি.মি. এলাকা সার্বিকভাবে স্টাডি করে আগামী ১০০ বছরের জন্য একটি সমন্বিত মাষ্টার প্ল্যান (Comprehensive) প্রস্তুত করতে হবে। এ বিষয়ে DUET এর সাথে সার্বক্ষনিক যোগাযোগ রেখে কাজের অগ্রগতি বৃদ্ধি করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। অন্য দিকে DUET out-sourcing অথবা Sub-Contracting এর মাধ্যমে যাদেরকে নিয়োগ দিয়েছেন তাদের সাথেও যোগাযোগ রক্ষা করে একটি পূর্নাঙ্গ এবং নিখুত Study Report প্রস্তুত করার জন্য অনুরোধ করেন। | ২(১৩) TAPP এর কাজের অগ্রগতি বৃদ্ধি করার জন্য DUET কে অনুরোধ জনিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২(১৪) TAPP এর কাজের অগ্রগতির স্বার্থে DUET out-sourcing অথবা Sub-Contracting এর মাধ্যমে যে সকল Resource Person নিয়োগ দিয়েছেন তাদের সাথে সমন্বয় করে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। |

আলোচ্যসূচী -০৩ ঃ রাজস্ব বিষয়ক আলোচনা :-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
| --- | --- | --- |
| ১. রাজস্ব বিভাগের কাজের গতিশীলতা এবং ধারাবাহিকতা বজায় রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা মতামত প্রকাশ করেন যে, রাজস্ব বিভাগের কর্মকর্তা কর্মচারীদের আন্তরিকতার কারণে ২০১৯-২০২০ অর্থ বছরের তুলনায় ২০২০-২০২১ সনের জানুয়ারি মাস পর্যন্ত আদায় বেশি হওয়ার কারণে নগর ভবনসহ সকল অঞ্চলের রাজস্ব বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগনকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অদ্যকার সভায় মাননীয় মেয়র মহোদয়ের প্রতি ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।<br><br>২. গাজীপুর সিটি কর্পোরেশন কর নির্ধারণ, আদায় ও লাইসেন্স প্রদানে অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও সেবা সহজীকরণের লক্ষে রাজস্ব বিভাগকে অটোমেশন পদ্ধতির আওতায় আনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী মহোদয় এর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসাবে কর নির্ধারণ, কর আদায় ও লাইসেন্স প্রদান অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br>২) (ক) গাজীপুর সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগকে অটোমেশন প্রক্রিয়ায় আনয়নের লক্ষে প্রধান রাজস্ব কর্মকর্তাকে সভাপতি করে নিম্নলিখিত কমিটি গঠন করা হয় এবং কমিটিকে আগামী ০১ মাসের মধ্যে দৃশ্যমান অগ্রগতি প্রদর্শন করার নির্দেশনা প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. জনাব এ,বি,এম,এহছানুল মামুন, প্রধান রাজস্ব কর্মকর্তা-আহবায়ক<br>২. জনাব কে,এম,জহুরুল আলম, নির্বাহী ম্যাজিষ্ট্রেট- সদস্য<br>৩. জনাব নমিতা দে, প্রধান সম্পত্তি কর্মকর্তা- সদস্য<br>৪. জনাব ফাতেমাতুজ জোহরা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা- সদস্য<br>৫. জনাব মোঃ মইনুল ইসলাম, প্রধান নগর পরিকল্পনাবিদ-সদস্য<br>খ) অটোমেশন প্রক্রিয়ায় ওয়েব বেজড এবং অ্যাপ বেজড অনলাইন প্রযুক্তি ব্যবহার করতঃ এবং স্মার্ট ট্যাক্স কার্ড এবং স্মাট লাইসেন্স কার্ড প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩. কর আদায়ের এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>০৪. শ্রেণী ভিত্তিক ভাবে আবাসিক, বাণিজ্যিক, শিল্প এবং সরকারী আধাসরকারী প্রতিষ্ঠান উল্লেখ করে দাবীর তথ্য দিতে হবে।<br>০৫. ২০২০-২০২১ অর্থ বছরের যে সকল লাইসেন্স এ পর্যন্ত নবায়ন হয়নি সেগুলো নোটিশ দিয়ে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করে অবশিষ্ট লাইসেন্স নবায়ন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>নিম্নে লাইসেন্স ও কর আদায় সংক্রান্ত দাবী ও আদায়ের পরিমান ২০২০-২০২১ অর্থ বছরের দেখানো হলোঃ | প্রধান রাজস্ব কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

ক) ডিসেম্বর/২০২০ পর্যন্ত দাবী ও আদায় (২০২০-২০২১)ঃ

| অঞ্চল | মোট দাবী | | | আদায় |
| --- | --- | --- | --- | --- |
| | চলতি | বকেয়া | মোট | মোট |
| ১ | ১৯৩৫৩৫৯৬০/- | ৩,৬৪,৭০,১৫৬/- | ২৩০০০৬১১৬/- | ২০২২৮৪২৮৫/- |
| ২ | ৩৯৯৪২৭৪৩/- | ২৫০৩৪২০৭/- | ৬৪৯৭৬৯৫০/- | ১১৪৩১৫০৪/- |
| ৩ | ২৪৪৫৭৫২২৬/- | ২,৫১,২১,২৮৬/- | ২৬৯৬৯৬৫১২/- | ৭৮৩০১৩৩৫/- |
| ৪ | ১৬৪৪২১৫৩৫/- | ৪৫১৯০৮৫৩/- | ২০৯৬১২৩৮৬/- | ১৬৫৫২৬৫৩/- |
| ৫ | ৩২৫৫৯৫২৬/- | ৮১৭৩৩১৬৫/- | ১১৪২৯২৬৯১/- | ৩৯৯৮০৩১৪/- |
| ৬ | ২৫,৩৭,৭৯,০৮৩/- | ৩৪৮৭৬৩১/- | ২৫৭২৬৬৭৪৯/- | ১৫৭৭২৬৩০/- |
| ৭ | ১৮৩৩৯৪৪২/- | ৩৩১৪৬১৩২১/- | ৫১৪৮৫৫৩৬৩/- | ৪৩১০৭৭৮২/- |
| ৮ | ২৭৩০৬৩৭০৫/- | ৩২২০০৫১২৪/- | ৫৯৫০৬৮৮২৯/- | ১২১২০৬৬৭৭/- |
| মোট= | ১১৮৭৬৫৭৬৯৪/- | ৭৬০১৬১৬৬১/- | ২২৫৫৭৭৫৫৯৬/- | ৫২৮৬৩৭১৮০/- |

খ) লাইসেন্স সংক্রান্ত বিষয়ক আলোচনাঃ

২০২০-২০২১ অর্থ বছরের লাইসেন্সের দাবী ও আদায়

| অঞ্চল | শ্রেণী | বর্তমান সংখ্যা | দাবী(টাকা) | আদায় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | শিল্প | ৭০৫ | ৭১৩৪৬০০/- | ৫১৭৯৫৪০/- |
| | বাণিজ্যিক | ১৫৪৮৭ | ৩৪৭৮৫৪০০/- | ২২২০৩০৫৭/- |
| ২ | শিল্প | ৯০ | ১০০০০০০/- | ৫৩৫৪৬০/- |
| | বাণিজ্যিক | ২৪০০ | ৪০০০০০০/- | ২৮৯০০০০/- |
| ৩ | শিল্প | ৪৮৯ | ৫০০০০০০/- | ২৫৫৩৮২০/- |
| | বাণিজ্যিক | ৮৩৯৫ | ১৫০০০০০০/- | ৮২৪১৫৭৮/- |
| ৪ | শিল্প | ১০৫ | ১০০০০০০০/- | ৪২৬৩৭৬/- |
| | বাণিজ্যিক | ৬৫৯০ | ১২০০০০০০/- | ৮৬৬৪৯০০/- |
| ৫ | শিল্প | ২৩৮ | ২০০০০০০/- | ১২০৫০৬৯/- |
| | বাণিজ্যিক | ৩৪০১ | ৪৫০০০০০/- | ৩০৩৯১৫৬/- |
| ৬ | শিল্প | ৩৮০ | ৩৫০০০০০/- | ১৯৪৭৯৯০/- |
| | বাণিজ্যিক | ৮৫৩৮ | ১৪৫০০০০০/- | ১১২৯৯৩১৯/- |
| ৭ | শিল্প | ২১২ | ৩৪০৯০১৫/- | ১৫৩৮১৮১/- |
| | বাণিজ্যিক | ৫৭০৬ | ১০২৮৫৫১৬/- | ৬১০১১৪৫/- |
| ৮ | শিল্প | ২৫৩ | ১১৭৮৯৪৩৮/- | ৬২০৫৫৯৭/- |
| | বাণিজ্যিক | ৫১০৫ | ০০ | ০০ |
| শ্রেনীভিত্তিক মোট | শিল্প | ২৪৭২ | ৪৩৮৩৩০৫৩/- | ১৯৫৯২০৩৩/- |
| | বাণিজ্যিক | ৫৫৬২২ | ৯৫০৭০৯১৬/- | ৬২৪৩৯১৫৫/- |
| সর্বমোট | শিল্প ও বাণিজ্যিক | ৫৮০৯৪ | ১৩৮৯০৩৯৬৯/- | ৮২০৩১১৮৮/- |

আলোচ্যসূচী -০৪ ঃ

(৪) বিভিন্ন রাস্তা ও ড্রেন জরুরী ভিত্তিতে মেরামতের বিষয়ে আলোচনা ঃ-

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৪ | মেয়র মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনে বেশ কিছু গুরুত্বপূর্ন রাস্তা এবং পানি প্রবাহের জন্য ড্রেনগুলো অকেজো হয়ে যাওয়াতে সেগুলো বর্ষা মৌসুম আসার পূর্বেই মেরামত অর্থাৎ পূনঃ নির্মাণ করা প্রয়োজন এ বিষয়ে সকল কাউন্সিলর একমত পোষন করেন। | ৪(১) সংলগ্নি ‘চ’ তে বর্ণিত তালিকায় রাস্তা এবং ড্রেনগুলো জরুরী ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক টেন্ডার আহবানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। |

জোন ভিত্তিক প্রকল্পের তালিকা নিম্নরূপ ঃ

## ০৫. বর্জ্য ব্যবস্থাপনা প্রসঙ্গে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| সভাপতি মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য ফেলার কোন জায়গা নেই। আমাদের বর্জ্য কঠিন অবস্থার মধ্যে রয়েছে। গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় ১০০-২০০ বিঘা জায়গার মধ্যে যাতে বর্জ্য থেকে বিদ্যুৎ টার্মিনাল স্থাপন করা যায় সে প্রজেক্ট এর কাজ চলমান রয়েছে। মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের জোন ভিত্তিক/ এলাকা ভিত্তিক বাড়ী থেকে ময়লা আনেন তাদের সিটি কর্পোরেশনের অনুমোদন আছে কি না এবং প্রতিটি বাসা থেকে কত টাকা নিবেন সে বিষয়ে একটি নিয়মের মধ্যে থেকে কাজ করার নির্দেশনা দেন। মাননীয় মেয়র মহোদয় প্রতিটি ওয়ার্ডে ফগার মেশিন দিয়ে মশার ঔষধ ছিটানোর কার্যক্রম অব্যহত রাখার নির্দেশ দেন। যে সকল ওয়ার্ডে ফগার মেশিন নাই সে সকল ওয়ার্ড কার্যালয় যথাযথ নিয়মে মেশিনের জন্য আবেদন করলে চাহিদা মোতাবেক মেশিন সরবরাহ করা হবে। এছাড়া মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, টংগী, কোনাবাড়ী, গাছা, জয়দেবপুর ২৬ ও ২৮ নং ওয়ার্ডে ফুটপাথে হকার না বসার জন্য জোর তাগিদ দিয়েছেন। । | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:-<br>ক) বর্ষা মৌসুমের পূর্বে গভীর ড্রেনসমূহ পরিস্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) প্রতিটি ওয়ার্ডে ফগার মেশিন দিয়ে নিয়মিত মশার ঔষধ ছিটানো এবং মশক নিধন কাজে নিয়োজীত কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) বর্জ্য থেকে বিদ্যুৎ টার্মিনাল স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঘ) রাস্তা ঘাটে যত্রতত্র ময়লা যাতে ফেলা না হয় এবং রাস্তায় হকার না বসার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা/ওয়ার্ড কাউন্সিলরগন |

## বিবিধ-০১ঃ প্রস্তাবিত প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনাঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৪ | মেয়র মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনে বেশ কিছু গুরুত্বপূর্ন রাস্তা টেন্ডারের মাধ্যমে নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে সকল কাউন্সিলর একমত পোষন করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত প্রস্তাবিত প্রকল্পগুলো সিটি কর্পোরেশনের আর্থিক তহবিলের বিষয় বিবেচনা করে পর্যায়ক্রমে টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ- |

| ক্রঃ নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১. | গাজীপুর সিটি কর্পোরেশনের অন্তভূক্ত চান্দনা চৌরাস্তা সংলগ্ন এম,এ, রাজ্জাক মাষ্টার দাখিল মাদ্রাসার প্রথম তলা নির্মার |
| ০২. | বটতলা রোড পাকা ব্রীজ হইতে ঝাজর বাইপাশ পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা মেরামত এবং ঢাকা-ময়মনসিংহ রাস্তা হইতে এরোষ্টোফার্মা পর্যন্ত গাছা রাস্তা সিলকোট দ্বারা মেরামত করণ- |
| ০৩. | পূবাইল তালুটিয়া ঢাকা-কালিগঞ্জ রাস্তায় জামান ফিলিং ষ্টেশন হইতে হারবাইদ ফাজিল মাদ্রাসা পর্যন্ত রাস্তা কার্পেটিং দ্বারা মেরামত করণ- |
| ০৪. | গাজীপুর সিটি কর্পোরেশনের ২৩নং ওয়ার্ডের ময়মনসিংহ মহাসড়ক হতে হাতিয়াব, গাজীপুর হইয়া গাজীপুর সিটি কর্পোরেশনের শেষ সীমানা চিলাই খাল এর সীমানা নির্ধারণ, খনন এবং খালের পাশ দিয়ে হানকাটা ব্রীজ পর্যন্ত সংযোগ ৪০ ফিট মাটির রাস্তা নির্মাণ। |
| ০৫. | উত্তর সালনা জোলার পাড়া রোড অমু মার্কেট হইতে উত্তর সালনা কলনীর পূর্ব পাশ হয়ে কাউলতিয়া রাস্তা সংযোগ মাটি দ্বারা নির্মাণ ও কার্পেটিং করণ। |
| ০৬. | পোড়াবাড়ী মাজারের পূর্ব পাশের রোড হতে পোড়াবাড়ী কোনাপাড়া রাস্তার কার্পেটিং করণ (আনুমানিক ২ কিঃ মিঃ) |
| ০৭. | ময়মনসিংহ মহাসড়ক হইতে উত্তর সালনা খালেক ডিলার বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি করণ (২০০ মিঃ) |
| ০৮. | ময়মনসিংহ মহাসড়ক হতে উত্তর সালনা সিপাই বাড়ী রাস্তা আরসিসি করণ ২০০ মিঃ। |
| ০৯. | ময়মনসিংহ মহাসড়ক হতে পোড়াবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয় রাস্তা আরসিসি করণ ২০০ মিঃ |
| ১০. | ময়মনসিংহ মহাসড়ক হতে পলান পাড়া রাস্তা আরসিসি করণ ২০০ মিঃ |

| | |
|---|---|
| ১১. | ময়মনসিংহ মহাসড়ক হতে ভাওরাইদ মুন্সিপাড়া রাস্তা আরসিসি করণ ২০০ মিঃ |
| ১২. | পোড়াবাড়ী শাহ্ সুফি ফছিউদ্দিন মাজারের পূর্ব পাশ হতে পোড়াবাড়ী পূর্ব পাড়া পর্যন্ত রাস্তা কার্পেটিং করণ ১৫০০ মিঃ |
| ১৩. | মাস্টারবাড়ী বাজারের পূর্ব পাশ ভাওরাইদ হতে হেদায়েতুল ইসলামের বাড়ীর পাশ হয়ে চেয়ারম্যান বাড়ী মসজিদ হয়ে, ভাওরাইদ দক্ষিণ পাড়া আওলাকুর জামে মসজিদ সংযোগ সড়ক কার্পেটিং করণ ৩০০০ মিঃ |
| ১৪. | উত্তর সালনা জোলার পাড় রাস্তা হতে ঈদগাহ হয়ে মোমেনশাহী মহাসড়কে মাটি ভরাট- |
| ১৫. | পোড়াবাড়ী মাজার হতে কোনাপাড়া ৩০ফিট মাটি ভরাট- |
| ১৬. | জয়দেবপুর বিদ্যা নিকেতনের ৬(ছয়)তলা ভবনের প্রথম তলার নির্মাণ কাজ |
| ১৭. | বিএডিসি বাউন্ডারী ওয়াল (সেচ) |
| ১৮. | বিএডিসি বাউন্ডারী ওয়াল (বীজ) |
| ১৯. | বিআরটিসি ট্রেনিং সেন্টার এর বাউন্ডারী ওয়াল |
| ২০. | আমবাগ নাদের আলী উচ্চ বিদ্যালয় মাঠ মাটি ভরাট করণ- |
| ২১. | আমবাগ নাদের আলী উচ্চ বিদ্যালয়টি বহুতল ভবনে উন্নতি করণ |
| ২২. | বালুচাকুলী ওসমানের বাড়ী হতে বালুচাকুলী পশ্চিম পাড়া জামে মসজিদ পর্যন্ত ড্রেনসহ আরসিসি রাস্তা নির্মাণ ও রাস্তা বর্ধিত করণ। প্রস্থঃ ৩০ ফুট |
| ২৩. | মাধবপুর হাজীবাড়ী হয়ে গায়েনবাড়ী সামসুল গায়েনের বাড়ী হয়ে উত্তর পানিশাইল সিটি মডেল স্কুল পর্যন্ত রাস্তা করণ। দৈর্ঘ্যঃ ১.৫কিঃ প্রস্থঃ ৩০ ফুট |
| ২৪. | পানিশাইল গনস্বাস্থ্য মোড় হতে ভবানীপুর পোষ্ট অফিস হয়ে সাজাহান মোক্তারের বাড়ী হতে দক্ষিণ পানিশাইল মৃধাপাড়া ১নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় পর্যন্ত রাস্তা। দৈর্ঘ্য ঃ ১ কিঃ মিঃ, প্রস্থঃ ৩০ ফুট। |
| ২৫. | কোনাপাড়া মুচিবাড়ী হতে গায়েনবাড়ী মসজিদ হয়ে জনাব এনায়েত মেম্বারের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ। দৈর্ঘঃ ১.২ কিঃ মিঃ |
| ২৬. | নবী টেক্সটাইল হতে চক্রবর্তী হালিম মার্কেট পর্যন্ত আরসিসি ড্রেন ৫০০ মিটার |
| ২৭. | লোহাকৈর থেকে কেন্দ্রীয় জামে মসজিদ হয়ে আন্দারমানিক পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ। দৈর্ঘ্য ১.৫ কিঃমিঃ প্রস্থঃ ৩০ ফুট |
| ২৮. | করিম মার্কেট হতে ওইলার টেক হয়ে মনোয়ারা স্পিনিং মিল পর্যন্ত লালচানের বাড়ী হতে লালমাটি হয়ে ০৮নং ওয়ার্ডের রাস্তার সংযোগ পর্যন্ত আরসিসি রাস্তা (১০ ফুট প্রস্থ ও ২৪ ফুট দৈর্ঘ্য একটি কালভাট রয়েছে) দৈর্ঘ্যঃ ২ কিঃ মিঃ প্রস্থঃ ৩০ ফুট |
| ২৯. | হাজী আকি মোল্লার বাড়ী হতে দক্ষিণ দিকে সালেহা বেগমের বাগান বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা ও আরসিসি ড্রেন নির্মাণ, কাঠালতলা হতে মিতালী গার্মেন্টস এর পশ্চিম পাশ পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ। দৈর্ঘ্য ১.৫ কিঃ মিঃ, প্রস্থঃ ২০ ফুট |
| ৩০. | এনায়েতপুর বাবুলের বাড়ী হতে দক্ষিণ দিকে মোজাম্মেলের বাড়ী হয়ে আলমের বাড়ীর উত্তর পার্শ্বের মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ। দৈর্ঘ্যঃ ১ কিঃ মিঃ, প্রস্থঃ ২০ ফুট |
| ৩১. | কাজী মার্কেট থেকে কাশিমপুর থানা পর্যন্ত আরসিসি রাস্তা ও আরসিসি ড্রেন নির্মাণ। দৈর্ঘ্যঃ ১ কিঃ মিঃ |
| ৩২. | ধনঞ্জয়খালী নদীরপাড়া হতে মইশাল বাড়ী খালের কালভার্ট (৮০ ফুট)/রাইস মিল থেকে জনাব তুজু মন্ডল বাড়ী পর্যন্ত রাস্তা হয়ে বাগবাড়ী মাদ্রাসা হয়ে সরুপাইতলী নামাপাড়া পর্যন্ত রাস্তা করণঃ দৈর্ঘ্যঃ ৩ কিঃ মিঃ, প্রস্থ ৪০ ফুট। |
| ৩৩. | শৈলডুবী ডানা ফ্যাক্টরী হতে কুদ্দুছের বাড়ী এবং আকবর আলীর মাদ্রাসা হতে ওমর মাদবরের বাড়ী পর্যন্ত রাস্তা দৈর্ঘ্য ১.৫ কিঃ মিঃ প্রস্থ ২০ ফুট |
| ৩৪. | তারা মসজিদ হতে আশ্রয়ন প্রকল্প পর্যন্ত ও জনাব ইদ্রিস মোল্লার বাড়ি পর্যন্ত আর সিসি ড্রেন নির্মান। দৈর্ঘ্য ১.৫ কিঃমিঃ |
| ৩৫. | শৈলডুবি ছোট বটতলা হতে জিএমএস পর্যন্ত আর সিসি রাস্তা নির্মান দৈর্ঘ্য ৭০০ মিটার |
| ৩৬. | সাকেরনোল থেকে রৌশন মার্কেট পর্যন্ত আর সিসি রাস্তা ও আর সিসি ড্রেন নির্মান।দৈর্ঘ্য ১.২ কিঃ মিঃ প্রস্থ ৩০ ফুট। |
| ৩৭. | কাশিমপুর নয়াপাড়া মন্ডল গার্মেন্টস থেকে কলওয়ালা পাড়া মসজিদ পর্যন্ত আর সিসি রাস্তা ও আর সিসি ড্রেন নির্মান, কাশিমপুর জয়া হোটেল থেকে ভূইয়াবাড়ি পর্যন্ত আরসিসি রোড ও আর সিসি ড্রেন নির্মান। দৈর্ঘ্যঃ ১.২ কিঃ মিঃ প্রস্থ্য ২০ ফুট। |
| ৩৮. | সবুজ কানন থেকে জেলখানা রোড পর্যন্ত আর সিসি রোড ও আর সিসি ড্রেন নির্মান। দৈঘ্যঃ ১.২ কিঃ মিঃ প্রস্থ্য ৩০ ফুট। |
| ৩৯. | কাশিমপুর স্কুল এন্ড কলেজের চারিদিকে ৮ফুট প্রস্থ্য কার্পেটিং রাস্তা করন। দৈর্ঘ্য-৫০০ মিটার। |

| | | |
|---|---|---|
| **বিবিধ-০২: কোভিড-১৯ সম্পর্কে আলোচনাঃ**<br>মাননীয় মেয়র মহোদয় করোনাকালীন সময়ে যে সকল কাউন্সিলর, কর্মকর্তা/কর্মচারী সম্মুখে থেকে দায়িত্ব পালন করেছেন তাদেরকে তিনি ধন্যবাদ জানান। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সবাইকে আগামী ফেব্রুয়ারী-মার্চ-২০২১ করোনা ভ্যাকসিন দেওয়ারও সিদ্ধান্ত গৃহিত হয়। | ডাঃ মোহাম্মদ রহমত উল্যাহ্ স্বাস্থ্য কর্মকর্তা |
| **বিবিধ-০৩: বিভিন্ন কাউন্সিলর কর্তৃক মাননীয় মেয়র মহোদয়কে উন্নয়নমুলক কাজের জন্য ধন্যবাদ জ্ঞাপন সম্পর্কে আলোচনাঃ**<br>৪নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ রফিকুল ইসলাম, ৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সেলিম রহমান, ৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কাউসার আহমেদ,৪৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ ফারুক আহমেদ, ৬নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মীর মোঃ আসাদুজ্জামান (তুলা), ৩নং ওয়ার্ডের কান্সিলর জনাব মোঃ সাইজ উদ্দিন মোল্লা, ৫নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ দবির সরকার ১নং ওয়ার্ডের কাউন্সিল জনাব মোঃ ওসমানগনি লিটন, ৩৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সাইফুল ইসলাম দুলাল, ৪৮ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সফি উদ্দিন, ৫৫ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আবুল হাসেম ১৯নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ তানভীর আহমেদ, ৪৫ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ শাহ আলম রিপন, ২২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মোশারফ হোসেন, ৩২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ রফিকুল ইসলাম, সংরক্ষিত ১৯ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব রাখি সরকার, ৩৩ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আলহাজ্ব মিজানুর রহমান, ১৬নং সংরক্ষিত আসনের কাউন্সিলর জনাব হামিদা বেগম, ৪৭ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ সাদেক আলী, ১০নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ দেলোয়ার হোসেন দুলাল, ১২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আব্বাস উদ্দিন, ১১ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আবুল কালাম আজাদ, ৩১ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ মকবুল হোসেন, সহ চলমান উন্নয়ন মূলক কাজের জন্য মাননীয় মেয়র মহোদয়ের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। | | |
| **বিবিধ-৪) আর,এফ,কিউ'র প্রকল্প সম্পর্কে আলোচনাঃ**<br><br>সভায় উপস্থিত বিভিন্ন জোনের সংশ্লিষ্ট কাউন্সিলরগন জানান যে, নিম্মেবর্ণিত প্রকল্পগুলি অতি জনগুরুত্বপূর্ণ বিধায় সংশ্লিষ্ট এলাকার জনগনের চাহিদার প্রেক্ষিতে আর,এফ,কিউ'র মাধ্যমে উক্ত প্রকল্পগুলি সম্পন্ন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পগুলো জরুরী ও জনগুরুত্বপূর্ণ বিধায় আর, এফ, কিউ'র মাধ্যমে সম্পন্ন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী |

| ক্রঃনং | প্রকল্পের নাম | প্রাক্কলন মূল্য |
|---|---|---|
| ০১. | গাজীপুর সিটি কর্পোরেশনের টঙ্গী জোনের স্বাস্থ্য শাখার রুম সংস্কার ও মেরামত করণ কাজ- | ৪,৯৭,৩৫৬/- |
| ০২. | গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের প্রধান সংযোগ রাস্তাগুলি প্রশস্তকরণসহ নর্দমা ও ফুটপাত নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ১৩টি প্যাকেজের ভূমি অধিগ্রহণ সার্ভে রিপোর্ট তৈরি করণ। | ৪,৯৬,০৮৮/- |
| ০৩. | কাশিমপুর সাইকা হকার্স মার্কেট এর সামনের গলি গুলোতে জরুরী ভিত্তিতে বালি ভরাট, ব্রিক সলিং ও সড়ক বাতি লাগানো। | ৪,৯৭,৯৯৯/- |
| ০৪. | ইছালী বাজার আরিয়ান স্টোর থেকে পূবাইল পিএসসিসি পর্যন্ত রাস্তায় এইচবিবি ও গ্রাউটিং দ্বারা মেরামত করণ কাজ | ৪,৯৫,০৮৫/- |
| ০৫. | পূবাইল পিএসসিসি থেকে বিলাসারা রানা ভুইয়া এর দোকান পর্যন্ত রাস্তায় এইচবিবি ও গ্রাউটিং দ্বারা মেরামত করন কাজ- | ৪,৯০,৪৩৯/- |
| ০৬. | বিলাসারা মসজিদ থেকে ভাদুন কাজী এমারত এর দোকান পর্যন্ত রাস্তায় এইচবিবি ও গ্রাউটিং দ্বারা মেরামত করন কাজ- | ৪,৯৫,৬৮৪/- |
| ০৭. | ভাদুন থেকে কলেজ গেইট মতিন এর দোকান পর্যন্ত রাস্তায় এইচবিবি ও গ্রাউটিং দ্বারা মেরামত করণ কাজ- | ৪,৯৫,৯৭৪/- |
| ০৮. | দরপাড়া থেকে নাগপাড়া পর্যন্ত রাস্তায় এইচবিবি ও গ্রাউটিং দ্বারা মেরামত করণ কাজ- | ৪,৪৮,৫১৩/- |
| ০৯. | মিরের বাজার গ্রামীণ ব্যাংক রাস্তায় ড্রেন এর মেরামত করণ কাজ- | ৪,৮৭,৬৬৮/- |
| ১০. | ময়মনসিংহ মহাসড়ক হতে উত্তর সালনা কলনী হয়ে জোলার পাড় সংযোগ রাস্তা নির্মাণ- | ৪,৯৫,০০০/- |
| ১১. | ময়মনসিংহ মহাসড়ক পোড়াবাড়ী বাজার হতে হর্টিকালচার সেন্টার পর্যন্ত রাস্তা নির্মাণ- | ৪,৯৬,০০০/- |

| | | |
|---|---|---|
| ১২. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণ কাজ (১ম অংশ) | ৪,৯৮,৪৯০/- |
| ১৩. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণ কাজ (২য় অংশ) | ৪,৯৮,৩০০/- |
| ১৪. | গাজীপুর সিটি কর্পোরেশন টঙ্গী অঞ্চলের মা টাওয়ার হতে ষ্টেশন রোড পর্যন্ত রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণকাজ- | ৩,৭৪,৬৬০/- |
| ১৫. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য বালি সরবরাহ করণ কাজ (১ম অংশ)। | ৪,৯০,০০০/- |
| ১৬. | গাজীপুর সিটি কর্পোরেশন, জোন-১ এর আওতাধীন আব্দুল মতিন রাস্তা মেরামতের জন্য বালি সরবরাহ করণ কাজ (২য় অংশ)। | ৩,৮৬,৫০০/- |
| ১৭. | গাজীপুর সিটি কর্পোরেশনের টঙ্গী অঞ্চলের মা টাওয়ার হতে ষ্টেশন রোড পর্যন্ত রাস্তা মেরামতের জন্য বালি সরবরাহ কাজ- | ২,৫২,০০০/- |
| ১৮. | গাজীপুর সিটি কর্পোরেশন টঙ্গী অফিসের প্রবেশ পথ হতে টয়লেট পর্যন্ত রাস্তা সিসি করণ, স্বাস্থ্য শাখার কক্ষ ও ইমাম সাহেবের কক্ষ মেরামত এবং প্রকৌশল শাখার অফিস কক্ষে থাই গ্লাস স্থাপন, কক্ষ মেরামত করণ ও টেবিল, চেয়ার, ফাইল কেবিনেট সরবরাহ কাজ- | ৩,৩৯,৮২০/- |
| ১৯. | বনমালা রেল ক্রসিং হতে হায়দ্রাবাদ ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ- (১ম অংশ) | ৪,৯২,৫০০/- |
| ২০. | বনমালা রেল ক্রসিং হতে হায়দ্রাবাদ ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামত করণ কাজ- (২য় অংশ) | ৪,৯০,৮০০/- |
| ২১. | গাজীপুর সিটি কর্পোরেশন, টঙ্গী অঞ্চলের মা টাওয়ার রাস্তা ও হায়দ্রাবাদ রাস্তা মেরামতের জন্য ইট সরবরাহ করণ কাজ- | ৪,৯০,২০০/- |
| ২২. | অঞ্চল-০৩(গাছা)তে প্রধান নির্বাহী কর্মকর্তার রুমের নির্মাণ কাজ (১ম অংশ) | ৩,২৫,০০০/- |
| ২৩. | অঞ্চল-০৩(গাছা)তে প্রধান নির্বাহী কর্মকর্তার রুমের নির্মাণ কাজ (২য় অংশ) | ৩,৩০,০০০/- |
| ২৪. | কাশিমপুর স্যান্ডের পার্শ্বে সাইকা হকার্স মার্কেট এর গলিগুলো বালি ভরাট, ব্রিক্স সলিং দ্বারা মেরামত করন- | ৪,৯০,০০০/- |
| ২৫. | ১২নং ওয়ার্ডের বাইমাইল কাদের মার্কেট এন,কে,এম,নিটিং ফ্যাক্টরীর পাশ হতে পশ্চিম দিকে হাজী রাজ্জাক সাহেবের বাড়ী ভায়া খন্দকার শামসুল হকের বাড়ী পর্যন্ত ব্রিক সলিং দ্বারা রাস্তা ও ব্রিক্স ড্রেন মেরামত করণ- | ৪,৬৫,০০০/- |
| ২৬. | হিমারদিঘী, আমতলী শ্রী শ্রী দূর্গা মন্দির রাস্তাটি মেরামত করন- | ১,৪২,০০০/- |

**বিবিধ- ০৫ ঃ** গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন জোনের সংশ্লিষ্ট কাউন্সিলরগন জানান যে, জনগনের চাহিদা এবং অতিবৃষ্টি ও বাস্তবতার প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রকল্পগুলি বিভিন্ন কারণে রিভাইজড, রিকাষ্ট ও সাইড পরিবর্তন করা প্রয়োজন।

| ক্রঃনং | প্রকল্পের নাম ও প্যাকেজ নম্বর | চুক্তি মুল্য | সংশোধিত মুল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | ক) ঢাকা ময়মনসিংহ রাস্তা হতে সালাউদ্দিন সরকারের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেণ নির্মাণ<br>খ) ঢাকা ময়মনসিংহ রাস্তা হতে সালাউদ্দিন সরকারের বাড়ী রাস্তা আরসিসি করণ<br>গ) দত্তপাড়া হাসান লেন হতে প্রদীপ স্যারের বাড়ী পর্যন্ত আরসিসি ড্রেন ও সিসি রাস্তা করণ | ১,১৪,৮৪,০০০/- | ১,২৭,০৪,০১৯/- | জনগনের আবেদনের প্রেক্ষিতে |
| ০২. | <u>পূর্বের প্রকল্পের নামঃ</u> মজলিশপুর জাহাঙ্গীর আলম প্রাথমিক বিদ্যালয়।<br><br><u>সংশোধিত প্রকল্পের নামঃ</u> জাহাঙ্গীর আলম প্রাথমিক বিদ্যালয়, মজলিশপুর। | | | |

| | | |
|---|---|---|
| **বিবিধ-০৬ঃ <u>ইকুইপমেন্ট ও যান যন্ত্রপাতি ক্রয়</u> সম্পর্কে <u>আলোচনাঃ</u>**<br>মাননীয় মেয়র মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের বর্তমানে অনেক টাকার উন্নয়নমূলক কাজ চলমান আছে। উক্ত কাজগুলো বাস্তবায়নে বিভিন্ন ইকুইপমেন্ট, যান যন্ত্রপাতির প্রয়োজন হয়। বর্তমানে গাজীপুর সিটি কর্পোরেশনের উল্লেখযোগ্য ইকুইপমেন্ট ও যান যন্ত্রপাতি নাই বিধায় ঠিকাদারদের সরবরাহ করা যাচ্ছে না। এতে করে একদিকে যেমন কাজের অগ্রগতির বিলম্ব হচ্ছে, অন্যদিকে গাজীপুর সিটি কর্পোরেশনের এই সকল ইকুইপমেন্ট, যান যন্ত্রপাতি ভাড়ার মাধ্যমে অর্জিত অর্থ অর্জণ করতে পারছে না। আলোচনান্তে রিকন্ডিশন ইকুইপমেন্ট/ যান যন্ত্রপাতি স্বল্প মূল্যে জাপানী/ইউরোপিয়ান মালামাল ক্রয়ের বিষয়ে একমত পোষন করেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে রিকন্ডিশন জাপানী/ইউরোপিয়ান ইকুইপমেন্ট/যান যন্ত্রপাতি ক্রয়ের বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন। |
| **<u>বিবিধ-০৭ঃ উন্নয়ন কাজের জন্য দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তিকে অনুদান প্রদান সম্পর্কে আলোচনাঃ</u>**<br>সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় সরকারি সহায়তায় বর্তমানে ব্যাপক উন্নয়ন কাজ চলমান আছে। তারই ধারাবাহিকতায় রাস্তার উন্নয়ন, ড্রেন প্রশস্ত করণের কাজে করতে হচ্ছে। ফলে বিভিন্ন স্থানে প্রয়োজন অনুযায়ী বাড়ীঘর, স্থাপনা, দোকানপাট ইত্যাদি ভাংতে হচ্ছে। এতে উক্ত স্থাপনার এবং জায়গার অনুদান দিতে হচ্ছে। উক্ত অনুদানের জন্য বিভিন্ন দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তি ও প্রতিষ্ঠান আবেদন করেছেন। প্রধান সম্পত্তি কর্মকর্তা জায়গা ও বাড়ীঘর, স্থাপনা ভাংগার অনুদান পাওয়ার জন্য মাননীয় মেয়র বরাবর প্রদত্ত আবেদনসমূহ সভায় উপস্থাপন করেন। জানুয়ারী/২০২১ খ্রিঃ তারিখে ৪৮৭টি আবেদনের অনুকুলে অনুদান বাবদ ৭,৮৬,৭০,০০০/-((সাত কোটি ছিয়াশি লক্ষ সত্তুর হাজার) টাকা এবং ফেব্রুয়ারি/২০২১খ্রিঃ তারিখে ৫৯৮টি আবেদনের অনুকুলে অনুদান বাবদ ৫,৭৩,০৫,০০০/-(পাঁচ কোটি তিয়াত্তুর লক্ষ পাঁচ হাজার) টাকা বিভিন্ন দরিদ্র,অসহায় ও অস্বচ্ছল ব্যক্তিকে প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তা ঘাটের উন্নয়ন ও ড্রেনের সম্প্রসারণের জন্য বিভিন্ন দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল ব্যক্তির জায়গা ও বাড়ী ঘরের অনুদান বাবদ জানুয়ারী/২০২১ খ্রিঃ তারিখে ৪৮৭টি আবেদনের অনুকুলে ৭,৮৬,৭০,০০০/-((সাত কোটি ছিয়াশি লক্ষ সত্তুর হাজার) টাকা এবং ফেব্রুয়ারি/২০২১খ্রিঃ তারিখে ৫৯৮টি আবেদনের অনুকুলে অনুদান বাবদ ৫,৭৩,০৫,০০০/-(পাঁচ কোটি তিয়াত্তুর লক্ষ পাঁচ হাজার) টাকা অনুদান প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান সম্পত্তি কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০- ৫৪৪/১(২৪) তারিখঃ ৩১/১/২২ খ্রিঃ

<u>অনুলিপিঃ **সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;**</u>

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. প্রধান সম্পত্তি কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন(প্রধান নির্বাহী কর্মকর্তা-এর অবগতির জন্য)।
১৩. জনাব .................................................................
১৪. অফিস কপি।

মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।